এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যা: ০৭ অক্টোবর-ডিসেম্বর, ২০১৮

গত ২৪ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়েছে এনআইএলজি'র পরিচালনা বোর্ডের ৫০তম সভা। উক্ত সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। সভায় মাননীয় মন্ত্রী এনআইএলজি'র বিগত ও বর্তমানে পরিচালিত বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন। ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য বাস্তবায়িত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ও গ্রাম পুলিশগণের জন্য বাস্তবায়িত প্রশিক্ষণের অগ্রগতিতে মাননীয় মন্ত্রী সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখতে নির্দেশ প্রদান করেন। সভায় স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খানসহ বোর্ডে অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন।

এনআইএলজি ও মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণ

পৌরসভা প্রশাসন অবহিতকরণ কোর্স

এনআইএলজি পৌরসভার কাউন্সিলরগণের জন্য 'পৌরসভা প্রশাসন অবহিতকরণ' প্রশিক্ষণ কোর্স পরিচালনা করছে। গত অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দে ১৬টি কোর্স বাস্তবায়িত হয়। এতে ৪৮১ জন কাউন্সিলর অংশগ্রহণ করে। প্রতিটি কোর্সের মেয়াদ ছিল ৩ দিন। এ কোর্সে মাইন্ডম্যাপিং, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯, পৌরসভার দায়িত্ব ও কার্যাবলী, কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুবিধাদি, পৌরসভার কার্যবিধিমালা, স্থায়ী কমিটির দায়িত্ব ও কার্যাবলী, সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, আদর্শ কর তফসিল, বিরোধ মিমাংসা (পৌর এলাকা) বোর্ড আইন, এসডিজি, সেবা প্রদানে উদ্ভাবনী উদ্যোগ, পানি সরবরাহ, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা, জন্ম-মৃত্যু নিবন্ধন, সামাজিক নিরাপত্তা, ওয়ার্ড কমিটি, টিএলসিসি ইত্যাদি বিষয়যুক্ত করে ১৫টি অধিবেশন পরিচালনা করা হয়।

৪৭তম বুনিয়াদি প্রশিক্ষণ

এনআইএলজি ইউনিয়ন পরিষদের নবনিযুক্ত সচিবগণের জন্য ধারাবাহিক ভাবে বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করে আসছে। গত ২১ অক্টোবর-১৯ নভেম্বর, ২০১৮ পর্যন্ত (৪৭তম) ব্যাচ "বুনিয়াদি প্রশিক্ষণ" কোর্স বাস্তবায়ন করেছে। উক্ত কোর্সে কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন উপপরিচালক, আবুল কাশেম মুহাম্মদ শাহীন এবং কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন যথাক্রমে পরিসংখ্যান কর্মকর্তা, মোঃ ওমর ফারুক পারভেজ, সহকারী গবেষণা কর্মকর্তা,

মোঃ ইমরানুর রহমান ও সহকারী গবেষণা কর্মকর্তা, মতি আহমেদ। এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে বরিশাল, ভোলা, কুমিল্লা, খুলনা ও বরগুনাসহ ৫টি জেলার ৪০জন সচিব। কোর্সটিতে মাঠপর্যায়ের অভিজ্ঞতা বিনিময়ের জন্য নারায়নগঞ্জ জেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হয়। এছাড়া স্থানীয় সরকার বিষয়ক বিভিন্ন বিষয় ও ইউনিয়ন পরিষদ পরিচালনায় ব্যবহৃত বিভিন্ন আইন, বিধি, পরিপত্রসহ, পরিষদ পরিচালনার সাথে যুক্ত বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান ও সমসাময়িক বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। এ কোর্সে মোট ১০৮টি অধিবেশন ছিল। এছাড়া কোর্সটিতে প্রশিক্ষণীগণকে বিষয়ভিত্তিক বিভিন্ন গ্রুপ ওয়ার্ক ও উপস্থাপনায় অংশগ্রহণ করতে হয়।

ইউনিয়ন পরিষদ সচিবগণের পারস্পরিক শিক্ষা সফর

এনআইএলজি গত ২৭-২৯ নভেম্বর, ২০১৮ তারিখ বুনিয়াদি প্রশিক্ষণ প্রাপ্ত ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য পারস্পরিক শিখনের উদ্দেশ্যে এ শিক্ষা সফরের আয়োজন করে। সফরটিতে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার মোস্তফাপুর ইউনিয়ন পরিষদ, আশিদ্রোন ও শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদের ভাল কাজগুলো পরিদর্শন করা হয়। শিক্ষা সফরটি সফলভাবে বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের উপরিচালক জনাব সানজিদা বেগম, শিক্ষা সফর পরিচালক; পরিসংখ্যান কর্মকর্তা জনাব মো: ওমর ফারুক পারভেজ, শিক্ষা সফর সমন্বয়ক এবং অডিও ভিজ্যুয়াল টেকনিক্যাল কর্মকর্তা জনাব এরশাদ-ই-ইসলাম সহযোগি হিসাবে দায়িত্ব পালন করেন। উক্ত শিক্ষা সফরে অংশগ্রহণকারী ইউনিয়ন পরিষদ সচিব ছিলেন মোট ১৯ জন। এ সফরের উল্লেখযোগ্য শিক্ষণীয় বিষয়সমূহ হল মোস্তফাপুর ইউনিয়ন পরিষদের ১০০% রাজস্ব আদায় পদ্ধতি, পাসপোর্ট আকারের ট্রেড লাইসেন্স প্রণয়ন, স্থায়ী কমিটিগুলোর সক্রিয়তা ইত্যাদি। এ ইউনিয়ন পরিষদে আগত সেবা গ্রহীতাগণের জন্য Free WiFi এর সুব্যবস্থাসহ গ্রাম আদালত বিষয়ক প্রায় সকল মামলা যথাসময়ে নিষ্পত্তি করা হয়। এছাড়াও এ শিক্ষা সফরের মাধ্যমে শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদ তাদের সকল খানাকে কিভাবে ডাটাবেজ সফটওয়ারের আওতায় এনেছে এবং আশিদ্রোন ইউনিয়ন পরিষদ কিভাবে ডিজিটাল সেন্টারের মাধ্যমে ব্যাংকিং সেবা কার্যক্রম পরিচালনা করছে সে বিষয়ে বিস্তারিত জানা যায়।

ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ কোর্স

অক্টোবর হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত মোট ৬১টি ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ কোর্স বাস্তবায়ন করা হয়েছে। উক্ত ৬১টি প্রশিক্ষণ কোর্সে ২৫৭৪ জন ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণ অংশগ্রহণ করে। উল্লিখিত প্রশিক্ষণ কোর্সসমূহ এনআইএলজি'র তত্ত্বাবধানে উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) এর সদস্যগণ কর্তৃক উপজেলা প্রশাসনের সর্বাত্নক সহযোগিতায় বাস্তবায়িত হয়েছে।

আইন শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা

গ্রাম পুলিশের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এনআইএলজি উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসন এর সহায়তায় "আইন শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা" শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। অক্টোবর হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত দেশের বিভিন্ন উপজেলায় ২০টি ব্যাচে মোট ৭৪০ জন গ্রাম পুলিশ অংশগ্রহণ করেন।

MIS ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ

এনআইএলজি'র একটি উদ্ভাবন হিসেবে প্রতিষ্ঠানের ডকুমেন্টেশন সেন্টারের মাধ্যমে NILG Management Information System (MIS) সফ্টওয়্যার তৈরী করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে মেহেরপুর জেলাতে পাইলটিং হিসেবে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। এতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের (সিটি কর্পোরেশন পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ) জনপ্রতিনিধি কর্মকর্তা ও কর্মচারীগণের ব্যক্তিগত তথ্যসহ এনআইএলজির কর্মকতা ও কর্মচারীগণের ব্যক্তিগত তথ্য এবং প্রশাসন, প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ণ বিভাগের কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনার বিষয়যুক্ত রয়েছে। সফ্টওয়ারটিতে মাঠপর্যায় থেকে ডাটা এন্ট্রির সুবিধার্থে মেহেরপুর জেলার সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা, পৌরসভা ও ইউনিয়ন সচিব, অফিস সুপার, কম্পিউটার অপারেটরগণের জন্য সফ্টওয়্যার ব্যবহার সংক্রান্ত বিষয়ে গত ১৪ নভেম্বর, ২০১৮ তারিখে মেহেরপুর জেলা প্রশাসনের সহযোগিতায় ১ (এক) দিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। এ কর্মশালায় ডিডিএলজি, মেহেরপুর এর উপস্থিতিতে প্রশিক্ষণে মডারেটরের দায়িত্ব পালন করেন এনআইএলজি'র, পরিচালক (প্রশাসন ও সমন্বয়) জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা। এতে ৫২জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

এনআইএলজি বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা

গত অক্টোবর, ২০১৮ খ্রি. অনুষ্ঠিত হয় এনআইএলজির উদ্ভাবনী বিষয়ক কর্মশালা। কর্মশালাটির শুভ উদ্বোধন করেন এনআইএলজি'র মহাপরিচালক জনাব তপন কুমার কর্মকার। তিনি ইনোভেশন কর্মশালার গুরুত্ব তুলে ধরেন। এনআইএলজি'র বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়নই ছিল এ কর্মশালার মূল উদ্দেশ্য। কর্মশালায় র‍্যাপেটিয়ার হিসেবে দায়িত্ব পালন করেন উপপরিচালক, জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন এবং সমন্বয়কের দায়িত্বে ছিলেন গবেষণা কর্মকর্তা, জনাব মনিকা মিত্র। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন সহকারি গবেষণা কর্মকর্তা জনাব মোঃ ইমরানুর রহমান। সরকারি দপ্তরে নাগরিকের ভোগান্তি লাঘব, সেবা প্রদানের বর্তমান ব্যবস্থার উন্নয়ন, নাগরিকের সঙ্গে যোগাযোগ, দাপ্তরিক আভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়। দেশব্যাপী ইনোভেশন মেলা, মাঠ পর্যায়ে ইনোভেশন সার্কেল, ইনোভেশন ফোরামে থিমেটিক আলোচনা, ইনোভেশন শোকেসিং, ইনোভেশন সামিট, ইনোভেশন প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। মূল প্রবন্ধ উপস্থাপনার শেষ পর্যায়ে এনআইএলজি এর উদ্ভাবনী কার্যক্রম তুলে ধরা হয়; যেমন সেবা প্রক্রিয়া সহজীকরণের জন্য হেল্প ডেস্ক আধুনিকায়ন; অভিযোগ বক্স স্থাপন; স্থানীয় সরকার হেল্প লাইন স্থাপন; প্রশিক্ষণার্থীদের ডেটাবেজ তৈরি ইত্যাদি। অতঃপর কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের চারটি দলে ভাগ করে গ্রুপ ওয়ার্কের মাধ্যমে এনআইএলজি'র বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়।

উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়ণে বাস্তবায়িত কোর্স, হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন

হেলভেটাস এর অর্থায়নে বাস্তবায়িত ফিলিফাইন ও ইন্দোনেশিয়ার শিক্ষা সফরের পারস্পরিক শিখন বিষয়ক কর্মশালা গত ১৫ নভেম্বর, ২০১৮ তারিখে এনআইএলজি'তে অনুষ্ঠিত হয়। এতে এনআইএলজি'র কর্মকর্তাগণ, স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি এবং এনজিও ও উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিগণসহ মোট ২০ জন উপস্থিত ছিলেন। এছাড়া হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশনের সহযোগিতায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত ইউনিয়ন পরিষদের স্থায়ী কমিটি বিষয়ক ১৫টি প্রশিক্ষণ কোর্স ও ইউনিয়ন পরিষদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ক ৭টি প্রশিক্ষণ কোর্স এবং ইউনিয়ন পরিষদ পরিচালন ও ব্যবস্থাপনা বিষয়ক ১টি প্রশিক্ষণ কোর্স এনআইএলজি কর্তৃক পর্যবেক্ষণ করা হয়। উল্লিখিত কোর্সগুলোতে মোট ৫২৯ জন প্রশিক্ষণার্থী (চেয়ারম্যান ও সদস্য) অংশগ্রহণ করে। কোর্সগুলো ২০ নভেম্বর থেকে ০৯ ডিসেম্বর, ২০১৮ মেয়াদে ধারাবাহিক ভাবে বাস্তবায়িত হয়েছে। এছাড়াও একই প্রকল্পের আওতায় বিআরডিবির কর্মকর্তাগণের জন্য ৬টি ব্যাচে প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এতে ১০৫জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। জেলা পর্যায়ে আয়োজিত এ প্রশিক্ষণ কোর্স এনআইএলজি কর্তৃক পর্যবেক্ষণ করা হয়।

কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার প্রকল্প

ইউএনডিপির অর্থায়নে ও স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে বাস্তবায়িত 'কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার প্রকল্প' এর মাধ্যমে অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ মেয়াদে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের নির্বাচিত মহিলা সদস্যগণের জন্য 'নির্বাচিত নারী প্রতিনিধিদের নেতৃত্ব উন্নয়ন' বিষয়ক ১০টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। এতে ৩৩৮ জন প্রশিক্ষনার্থী অংশগ্রহণ করেন। এছাড়া একই প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য 'ইউনিয়ন পরিষদ পরিচালন ও ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। মোট ৪টি ব্যাচে ১৬৪জন ইউনিয়ন পরিষদ সচিব এ কোর্সে অংশগ্রহণ করেন।

UNICEF কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ

The United Nations International Children's Emergency Fund (UNICEF) এর অর্থায়নে পরিচালিত প্রকল্পের আওতায় জেলা পর্যায়ের কর্মকর্তা ও সংশ্লিষ্ট অংশীজনের জন্য 'স্থানীয় জনগণের অংশগ্রহণ ও সামাজিক আচরণ পরিবর্তনের মাধ্যমে শিশুদের জন্য স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ' বিষয়ক ১৫টি ব্যাচে প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স অনুঠিত হয়। এতে ৪০৪ জন অংশগ্রহণ করেন। এছাড়া উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও সংশ্লিষ্ট অংশীজনের জন্য একই বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে ১০টি ব্যাচে ৪০০জন অংশগ্রহণ করে।

Capacity Development of City Corporation (C4C)

জাইকা'র অর্থায়নে ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত Capacity for Cities (C4C) প্রকল্পের আওতায় সিটি কর্পোরেশনের বিভিন্ন কর্মকর্তাগণের জন্য গত ২২-২৫ অক্টোবর, ২০১৮ মেয়াদে ৪দিনের ১টি ব্যাচে 'সিটি কর্পোরেশনের বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা' কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্স মোট ৭১জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ

এনআইএলজি'র কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত সকল প্রশিক্ষণের আলোচক ও কোর্সের সার্বিক দিক মূল্যানের কাজ পরিচালনা করছে। মূল্যায়নের আলোকে সময়ে সময়ে প্রশিক্ষণ ও প্রশাসন বিভাগকে সুপারিশ প্রদান করে আসছে। আলোচক মূল্যায়ন প্রতিবেদন প্রশিক্ষণ বিভাগ আলোচক নির্বাচনে সহায়ক ডকুমেন্ট হিসেবে ব্যবহার করছে।

বৈদেশিক প্রশিক্ষণ ও শিক্ষা সফর

ফিলিপাইন সফর: প্রতিষ্ঠানের উপপরিচালক জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন (সিনিয়র সহকারী সচিব) গত ২৪-২৮ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দে ফিলিপাইনে `Barangay Governance and Philippine Decentralization' শীর্ষক Learning Visit-এ অংশগ্রহণ করেন। HELVETAS Swiss inter cooperation এর Sharique Project এর সহযোগিতায় Center for Local and Regional Governance of the University of the Philippines' National College of Public Administration and Governance উক্ত Study Visit এর আয়োজন করে।

মহান বিজয় দিবস উদ্‌যাপন

১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর ত্রিশ লক্ষ শহীদের আত্মত্যাগের বিনিময়ে পৃথিবীর বুকে বাংলাদেশ নামে একটি স্বাধীন রাষ্ট্র ভূমিষ্ট হয়। বাঙালি জাতি শ্রদ্ধাবনত চিত্তে স্বরণ করছে জাতির শ্রেষ্ঠ সন্তানদের যাদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে এ বিজয়। ৪৭তম বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পণ করে এবং সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করে। এছাড়া এনআইএলজি'র অডিটরিয়ামে সকল কর্মকর্তা, কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের সমন্বয়ে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এনআইএলজি'র প্রতিনিধি দলের শ্রীলংকা সফর

শ্রীলংকা ইনস্টিটিউট অব লোকাল গর্ভন্যান্স কর্তৃক আয়োজিত শ্রীলংকার স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পর্যবেক্ষণের জন্য এনআইএলজি'র প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন এনআইএলজি'র শ্রদ্ধেয় মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার। স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব ইকরামুল হক, এনআইএলজি'র সহকারী পরিচালক জনাব মোহাম্মদ মঈনুল হোসেন ও গবেষণা কর্মকর্তা জনাব মনিকা মিত্র এ সফরে অংশগ্রহণ করেন। ৪ দিন ব্যাপী এ শিক্ষা সফর কালে এনআইএলজি'র প্রতিনিধি দল শ্রীলংকার স্থানীয় সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের কার্যক্রম সরেজমিনে প্রত্যক্ষ করার পশাপাশি শ্রীলংকা ইনস্টিটিউট অব লোকাল গর্ভন্যান্স সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন। পরবর্তীতে শ্রীলংকা ইনস্টিটিউ অব লোকাল গর্ভন্যান্স কর্তৃক আয়োজিত এই শিক্ষাসফরের অভিজ্ঞতাসমূহ এনআইএলজিসহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের মাঝে উপস্থাপন করা হয়।

সম্পাদকীয়

এনআইএলজির সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করাই নিউজলেটার প্রকাশের অন্যতম প্রধান উদ্দেশ্য। এ উদ্দেশ্যকে সামনে রেখে নিউজ লেটারের ৭ম সংখ্যাটি পাঠকের নিকট পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।

উপদেষ্টামন্ডলী

জনাব তপন কুমার কর্মকার, মহাপরিচালক
জনাব মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ)
জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা, পরিচালক (প্রশাসন ও সমন্বয়)

সম্পাদকমন্ডলী

জনাব মোঃ ইয়াহ্-ইয়া ভুইয়া, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)
জনাব মনিকা মিত্র, গবেষণা কর্মকর্তা
জনাব মোহাম্মাদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮
ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com
ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd

বুক পোস্ট